

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কাস্টমস্ বন্ড কমিশনারেট  
৩৪২/১, সেগুন বাগিচা  
ঢাকা-১০০০।

নথি নং-৫(১৩)১৯/বন্ডঃ কমিঃ(সদর)/স্থায়ী আদেশ/২০০২/১০৯৭৩(১-২৩)

২৭ জ্যৈষ্ঠ, ১৪০৯ বাং  
তারিখ : -----  
১০ জুন, ২০০২ ইং।

**-ঃ আদেশ :-**

বিষয় : প্রত্যয়নপত্র ইস্যুর ব্যাপারে কতিপয় সতর্কতা অবলম্বন প্রসঙ্গে।

সূত্র : এ দপ্তরের আদেশ নং-৫(১৩)১৫৬/বন্ড-কমিঃ(সদর) বিজিএমইএ/২০০১/১০৩৩৮(১.-৩৯) তাং : ০২/০৬/২০০২  
ইং।

উপর্যুক্ত বিষয় সূত্রের আলোকে এই দপ্তরের সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে বন্ড সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম ত্বরিত সম্পাদনের লক্ষ্যে ক্ষমতা অর্পন (delegation of power) সংক্রান্ত আদেশ জারী করা হয়েছে। এখন হতে এই অর্পিত ক্ষমতা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত কমিশনার/যুগ্ম-কমিশনার, কমিশনারের পক্ষে প্রত্যয়নপত্র ইস্যুর আদেশ দেবেন। তবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রত্যয়নপত্র ইস্যুর ক্ষেত্রে নিম্নোক্ত সতর্কতা অবলম্বন করবেন।

- (ক) প্রত্যয়নপত্র অনুমোদনের পূর্বে লাইসেন্স নথিসহ অন্যান্য সেকশনের নথিসমূহে দি কাস্টমস্ এ্যাক্ট, ১৯৬৯ এর আওতায় পণ্য চালান খালাসে ধারা ২০২সহ অন্য কোন বিধি-নিষেধ আছে কিনা তা যাচাই করে দেখতে হবে।
- (খ) বন্ডারের নামে জারীকৃত দাবীনামা যদি stocklot জনিত হয় এবং কাপড় মজুদ থাকে তাহলে প্রত্যয়নপত্র ইস্যু করা যেতে পারে। কিন্তু অন্যান্য অনিয়মজনিত কারণে সরকারের পাওনা থাকলে এবং আদায় সম্পন্ন না হলে প্রত্যয়নপত্র ইস্যু করা যাবে না।
- (গ) প্রত্যয়নপত্রের প্রয়োজনীয়তা যদি রুটিন নবায়ন তদন্তের কারণে হয় তাহলে দেখতে হবে যথাসময়ে প্রয়োজনীয় সকল ডকুমেন্টসহ নবায়ন আবেদন দাখিল করা হয়েছে কিনা। যথাসময়ে দাখিল করা হলে এবং এই দপ্তর কর্তৃক তদন্তের অগ্রগতি বিবেচনায় প্রত্যয়নপত্র ইস্যু করা যাবে।

০২। উপরে বর্ণিত শর্তাদি যথাযথভাবে পরিপালন করার জন্য অনুরোধ করা হলো।

[হাসিনা খাতুন]  
কমিশনার  
ফোন : ৯৩৪৭০০০